2017-18 1st Year Hon's Admission Test Notice

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী- ৩৮১৪, বাংলাদেশ

ই-মেইল: info@nstu.edu.bdওয়েবসাইট:www.nstu.edu.bd

২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

বিভিন্ন বিভাগের আসন সংখ্যা জানতে এখানে ক্লিক করুন।

১.নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/মাদ্রাসা/কারিগরি শিক্ষা বোর্ড থেকে বিভিন্ন বিভাগে SSC বা সমমান এবং ২০১৬ অথবা ২০১৭ সালে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনপত্র আহ্বান করা হলো :

A ইউনিট: কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, এপ্লায়েড ম্যাথমেটিক্স, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, স্ট্যাটিস্টিক্স, সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং।

B ইউনিট: ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স, ফার্মেসী, মাইক্রোবায়োলজী, ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচার, ওশানোগ্রাফি, বায়োকেমিস্ট্রি ।

C ইউনিট: ইংরেজি, বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট, সমাজবিজ্ঞান ।

D ইউনিট: বিজনেস এডমিনিস্ট্রেশন, ইকোনোমিক্স, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ব্যাচেলর অব এডুকেশন (অনার্স)

২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা:

২.১) **A ইউনিট এবং B ইউনিট :** A ও B ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান বিভাগে উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC বা সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA ৩.০ সহ মোট GPA ৬.৫ থাকতে হবে। O লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান এর মধ্যে যে কোনো দুইটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। তবে O এবং A লেভেলের কোনো বিষয়ে C গ্রেড এর নীচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।

C ইউনিট এবং D ইউনিট: C ও D ইউনিটে আবেদন করার জন্য মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান বিভাগে উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC বা সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA ৩.০ সহ মোট GPA ৬.০ থাকতে হবে। O এবং A লেভেল পরীক্ষায় ছাত্রছাত্রীদের C ইউনিটের ক্ষেত্রে ইংরেজিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে। তবে O এবং A লেভেলের কোনো বিষয়ে C গ্রেড এর নীচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।

২.২) বিদেশি ছাত্রছাত্রীরা সরাসরি আবেদন করতে পারবে; তবে আবেদনের সাথে প্রদত্ত সার্টিফিকেটগুলো বিশ্ববিদ্যালয়ের Equivalence Committee'র অনুমোদন সাপেক্ষে তারা ভর্তির যোগ্য বলে গণ্য হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় সরকারি অনুমোদন লাভের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৩. **আবেদনের নিয়মাবলি (মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন):** ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি প্রি-পেইড টেলিটক মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। আবেদনকারীর টেলিটক প্রি-পেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি USER ID ও একটি PASSWORD জানিয়ে দেয়া হবে। এই USER ID ও PASSWORD স্বযতেœ সংরক্ষণ করতে হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

৩.১) একটি প্রি-পেইড টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে NSTU লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে HSC পাশের সাল, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে SSC পাশের সাল, স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিটের কি-ওয়ার্ড, স্পেস দিয়ে মিডিয়াম অব ইন্সট্রাকশন লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। উদাহরণ:

NSTU<space>COM<space>123456<space>2017<space>COM

<space>123456<space>2015<space>A<space>BEN

প্রদত্ত উদাহরণটি কুমিল্লা বোর্ডের। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর নিজের যথাক্রমে HSC এবং SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ ২০১৬ সালে HSC পাশ করে থাকলে ২০১৭ এর জায়গায় ২০১৬ লিখতে হবে। এক্ষেত্রে A ইউনিটের কি-ওয়ার্ড A; B ইউনিটের কি-ওয়ার্ড B; C ইউনিটের কি-ওয়ার্ড C এবং D ইউনিটের কি-ওয়ার্ড D। অর্থাৎ B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে। কোনো শিক্ষার্থী ইংরেজিতে উত্তর প্রদান করতে চাইলে ইংরেজি প্রশ্নপত্রের জন্য BEN এর স্থলে ENG লিখতে হবে। অন্যান্য বোর্ডের জন্য কুমিল্লা (COM) এর জায়গায় যথাক্রমে সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদরাসা (MAD), কারিগরি শিক্ষা বোর্ড (TEC) লিখতে হবে।

৩.২) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কাঙ্খিক্ষত ইউনিট, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথম NSTU, তারপর স্পেস দিয়ে YES, স্পেস দিয়ে PIN, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য যে কোনো একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ: **NSTU<space>YES<space>654321<space>01XXXXXXXXX**। এখানে ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

প্রতি ইউনিটের পরীক্ষা ফি ৭০০ (সাতশত) টাকা।

৩.৩) O/A LEVEL এর ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে শিক্ষাবোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। উদাহরণ: **NSTU<space>GCE<space>123456<space>2017<space>A<space>ENG**| এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে। কেউ ২০১৬ সালে A-লেভেল পাশ করে থাকলে ২০১৭ এর জায়গায় ২০১৬ লিখতে হবে। একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে। কোনো শিক্ষার্থী বাংলায় উত্তর প্রদান করতে চাইলে বাংলা প্রশ্নপত্রের জন্য ENG এর স্থলে BEN লিখতে হবে।

৩.৪) কোটায় ভর্তি সম্পর্কিত তথ্য: নিম্নোক্ত কোটায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। সেক্ষেত্রে কোটার কি-ওয়ার্ড হবে, মুক্তিযোদ্ধা সন্তান কোটা: QFF, উপজাতি কোটা: QT, শারীরিক প্রতিবন্ধী কোটা: QPD, নোবিপ্রবি পোষ্য কোটা (শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী): QW, উদাহরণ: মুক্তিযোদ্ধা কোটার জন্য

NSTU<space>COM<space>123456<space>2017<space>COM

<space>123456<space>2015<space>A<space>BEN<space>QFF|

একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে। কোনো শিক্ষার্থী ইংরেজি ভাষায় উত্তর প্রদান করতে চাইলে BEN এর স্থলে ENG লিখতে হবে।

৩.৫) **প্রবেশপত্র ডাউনলোড:** আবেদনকারীকে প্রবেশপত্র (ADMIT CARD) ডাউনলোড করার জন্য SMS এর মাধ্যমে জানানো হবে। প্রবেশপত্রের জন্য প্রথমে এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০X৩০০ পিক্সেল, সর্বোচ্চ ১০০ kb) ও আবেদনকারীর স্বাক্ষর (৩০০X ৮০ পিক্সেল, সর্বোচ্চ ৬০ kb) স্ক্যান করে ২টি আলাদা ফাইল তৈরি করে রাখতে হবে। প্রবেশপত্র (ADMIT CARD) ডাউনলোড করতে **http://nstu.teletalk.com.bd** ওয়েবসাইটে গিয়ে SMS এর মাধ্যমে আবেদন করার সময় প্রাপ্ত সংশ্লিষ্ট ইউনিটের USER ID এবং PASSWORD ইনপুট দিতে হবে। ইনপুট সঠিক হলে ছবি ও স্বাক্ষর আপলোড করার অপশন পাওয়া যাবে।

USER ID এবং PASSWORD হারিয়ে গেলে NSTU<স্পেস>ঐউখচ<স্পেস>HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>HSC পাসের সাল লিখে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে।

সফলভাবে উক্ত প্রক্রিয়া সম্পন্ন হলে প্রবেশপত্র (ADMIT CARD) প্রিন্ট করার অপশন পাওয়া যাবে। তখন আবেদনকৃত ইউনিটের জন্য ০২ (দুই) কপি প্রবেশপত্র (ADMIT CARD) প্রিন্ট নিতে হবে। উক্ত ০২ (দুই) কপি প্রবেশপত্র প্রার্থীকে অবশ্যই পরীক্ষার হলে নিয়ে আসতে হবে। প্রবেশপত্রের ০১ (এক) কপি প্রার্থী নিজের কাছে রাখবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দেবে। প্রবেশপত্রে শিক্ষার্থীর নাম, রোল নম্বর, ইউনিটের চয়েস, ছবি ও স্বাক্ষর থাকবে। প্রতিটি ইউনিটের জন্য একই নিয়মে আলাদাভাবে প্রবেশপত্র (ADMIT CARD) ডাউনলোড করতে হবে। ছবি ও স্বাক্ষর আপলোড প্রক্রিয়া একবার সম্পন্ন করার পর আর পরিবর্তন করা যাবে না।

বিশেষভাবে লক্ষ্যণীয়:

ক) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে। তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্যে আবেদনকারীর যে কোনো অপারেটরের একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে।

খ) আবেদনের সময়: ০১ সেপ্টেম্বর ২০১৭ থেকে আবেদনের সময় ১৭ অক্টোবর রাত ১২.০০ টা পর্যন্ত। (এই সময়সীমার মধ্যে ছুটির দিনেও আবেদন করা যাবে)।

গ) A, B, C এবং D ইউনিটের জন্য আলাদা আলাদাভাবে SMS করে আবেদন করতে হবে।

ঘ) কোনো গ্রুপে ভুলবশত: SMS করে আবেদন করে ফেললেও তা প্রত্যাহার করা যাবে না।

ঙ) বিজ্ঞান শাখা থেকে HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা সকল ইউনিটে (A, B, C এবং D) আবেদন করতে পারবে। অন্যরা শুধু C ও D ইউনিটে আবেদন করতে পারবে।

চ) D ইউনিটের বিজ্ঞান, মানবিক এবং ব্যবসায় শিক্ষার জন্য আলাদা মেধা তালিকা তৈরি করা হবে।

ছ) O/A LEVEL থেকে পাশকৃত ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার দিন GCE “O” ও “A” Level এর গ্রেড শিটের সত্যায়িত ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

জ) কোটায় ভর্তি: কোটায় ভর্তির ক্ষেত্রে (মুক্তিযোদ্ধা, উপজাতি ও শারীরিক প্রতিবন্ধী) সরকারি বিধান অনুসরণ করা হবে। কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তির আবেদনের সময় অবশ্যই OMR শিটের নির্ধারিত ঘর পূরণ করতে হবে। পরবর্তীতে কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঝ) পরীক্ষার হলে কোনো ইলেকট্রনিক ডিভাইস যেমন: ট্যাব, মোবাইল ফোন, ডিজিটাল ডাইরি, ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ঘড়ি ইত্যাদি আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৪. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:

A ইউনিট: ০৩ নভেম্বর ২০১৭, সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত।

B ইউনিট: ০৩ নভেম্বর ২০১৭, বিকেল ৩.০০ টা থেকে বিকেল ৪.৩০ টা পর্যন্ত।

C ইউনিট: ০৪ নভেম্বর ২০১৭, সকাল ১০.৩০ টা থেকে সকাল ১১.৩০ টা পর্যন্ত।

D ইউনিট: ০৪ নভেম্বর ২০১৭, বিকেল ৩.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত।

৫. ভর্তি পরীক্ষা: (পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে)।

৬. পরীক্ষার মোট নম্বর ১০০; পরীক্ষার পাশ নম্বর: ৪০

A ইউনিটের জন্য: 'বাংলা ও ইংরেজি', পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান বিষয়ের উপর প্রত্যেকটি থেকে ২৫ করে মোট ১২৫টি প্রশ্ন থাকবে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত প্রত্যেক পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। 'বাংলা ও ইংরেজি' এবং জীববিজ্ঞান হতে যে কোনো একটির উত্তর দিতে হবে।

B ইউনিটের জন্য: 'বাংলা ও ইংরেজি', পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত বিষয়ের উপর প্রত্যেকটি থেকে ২৫ করে মোট ১২৫টি প্রশ্ন থাকবে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান প্রত্যেক পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। 'বাংলা ও ইংরেজি' এবং 'গণিত' হতে যে কোনো একটির উত্তর দিতে হবে, তবে ফার্মেসী ও ওশানোগ্রাফি বিভাগে ভর্তিচ্ছুদের জীববিজ্ঞান ও গণিত উভয় বিষয়ে উত্তর দিতে হবে।

C ইউনিটের জন্য: বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ) বিষয়ে পরীক্ষা হবে। ইংরেজি বিষয়ে ৫০, বাংলা বিষয়ে ২৫ এবং সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ) বিষয়ে ২৫ নম্বর থাকবে। ইংরেজি বিভাগে ভর্তির জন্য ইংরেজিতে ন্যূনতম ৩০ নম্বর পেতে হবে, বাংলা ও সাধারণ জ্ঞান বিষয়ের প্রত্যেকটিতে পাশ নম্বর ০৬। বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট, সমাজবিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বাংলা ও সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ) পাশ নম্বর ১০ এবং ইংরেজিতে পাশ নম্বর ১৬ ।

D ইউনিটের জন্য: বাংলা ২৫, ইংরেজি ২৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ) ২৫ সবার জন্য বাধ্যতামূলক। মানবিক বিভাগ থেকে পাশকৃত শিক্ষার্থীদের জন্য সাধারণ গণিত (মাধ্যমিক পর্যায়ের) ২৫, ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে পাশকৃত শিক্ষার্থীদের জন্য ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং হিসাব বিজ্ঞান ২৫, বিজ্ঞান বিভাগ থেকে পাশকৃত শিক্ষার্থীদের জন্য সাধারণ বিজ্ঞান ২৫।

৬.১. A, B ও D ইউনিটের পরীক্ষায় প্রত্যেক বিষয়ে ন্যূনতম পাশ নম্বর ০৮।

৬.২. ভর্তি পরীক্ষার MCQ পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। উত্তরপত্রে সঠিক উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের 'নির্দেশাবলি' অংশে বর্ণিত থাকবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি উত্তরপত্র সরবরাহ করা হবে।

৭. **ভর্তি ফি:** ভর্তিকালীন একজন ছাত্র/ছাত্রীকে প্রথম টার্মের জন্য আনুমানিক ২৩,০০০ (তেইশ হাজার) টাকা ভর্তি ফি প্রদান করতে হবে।

৮. মেধাস্কোর ও মেধাক্রম:

৮.১. মেধা তালিকা তৈরি করা হবে ২০০ নম্বরের ভিত্তিতে। ১. মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত বা হিসাবকৃত, ৪র্থ বিষয়সহ, GPA এর ৮ গুণ, ২. উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত বা হিসাবকৃত, ৪র্থ বিষয়সহ, GPA এর ১২ গুণ, এবং ৩. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর।

৮.২. একাধিক প্রার্থীর মেধাস্কোর সমান হলে পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষার নম্বর, HSC ও SSC গ্রেড প্রাধান্য পাবে।

বিশেষ দ্রষ্টব্য:

১. ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং পুনঃসংযোজনের অধিকার ভর্তি কমিটি সংরক্ষণ করে।

২. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য, ভর্তি পরীক্ষার সিট প্ল্যান, পরীক্ষার ফলাফল ও অন্যান্য তথ্যাবলি SMS, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nstu.edu.bd**) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৩. বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত অন্যান্য বিষয়ে মোবাইল নম্বর (অফিস চলাকালীন সময়ে) ০১৭৬৫৯২৬৫৪ কিংবা admission@nstu.edu.bd এ যোগাযোগ করা যাবে।

রেজিস্ট্রার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়